# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অধ্যক্ষের কার্যালয়
## ফেনী সরকারী কলেজ,ফেনী

তারিখ ঃ ০৫/০৮/২০১৮ খ্রি.

## ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-Line এ ০৬/০৮/২০১৮ ইং তারিখ থেকে শুরু হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে MICR পে-অর্ডার এর ফি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

নিম্মে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল ঃ

| ক্রমিক নং | বিষয় | ফরম পূরণ ও জমাদানের তারিখ |
|---|---|---|
| ১ | বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস,ইতিহাস,দর্শন | ১২/০৮/২০১৮ |
| ২ | রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম,অর্থনীতি,হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা | ১৩/০৮/২০১৮ |
| ৩ | পদার্থ , রসায়ন ,প্রাণী,উদ্ভিদ,গণিত | ১৪/০৮/২০১৮ |

**প্রতি পরীক্ষার্থী কলেজ সেশন ফি সহ পরীক্ষার ফি বাবদ বিষয় ভিত্তিক নিম্নোক্ত হারে জমা দিতে হবে।**

### বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)

| বিষয় | পরীক্ষার ফি | সেশন ফি | মোট টাকা |
|---|---|---|---|
| বাংলা, ইতিহাস, ইসঃইতিহাস, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান , সমাজকর্ম, হিসাববিজ্ঞান , ব্যবস্থাপনা | ২০০০/- | ২৮৫৫/- | ৪৮৫৫/- |
| ইংরেজী | ২৮০০/- | ২৭৫৫/- | ৫৫৫৫/- |
| রসায়ন | ২১২০/- | ২৮৫৫/- | ৪৯৭৫/- |
| পদার্থবিদ্যা,উদ্ভিদ,প্রাণিবিদ্যা,গণিত | ২২৬০/- | ২৯৩৫/- | ৫১৯৫/- |

### গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় | ৭ বিষয় |
|---|---|---|---|---|---|---|---|
| গ্রেড উন্নয়ন | ১০০০/- | ১২০০/- | ১৪০০/- | ১৬০০/- | ১৮০০/- | ২০০০/- | ২২০০/- |

- শুধু মাত্র ইংরেজী বিষয়ের পরীক্ষা ফি বাবদ - ১০০০/- টাকা ।
- **ইনকোর্স এর টাকা পূর্বে নেওয়া হয়েছে বিধায় বিভাগে টাকা না নেওয়ার জন্য অনুরোধ করা গেল।**

ফেনী পৌর এলাকার মিজান রোড এর প্রধান শাখা **সোনালী ব্যাংক** থেকে **অধ্যক্ষ ,ফেনী সরকারী কলেজ** এই নামে এম,আই,সি আর পে-অর্ডার এর ফি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিয়ে ফরম পূরণ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ- পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা **অধ্যক্ষ ,ফেনী সরকারী কলেজ** এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।

এখানে উল্লেখ্য যে যারা ইতিপূর্বে ২য় বর্ষের সেশন ফি জমা প্রদান করে নাই তারা সেশন ফি + পরীক্ষার ফি সহ মোট টাকার পে-অর্ডার করতে হবে। এবং যারা সেশন ফি জমা দিয়েছে তারা শুধু পরীক্ষার ফি এর পে-অর্ডার করতে হবে।

০১. On-line-এর মাধ্যমে আবেদন ফরমপূরণের নিয়মাবলী ঃ

- ❖ শিক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours) এ গিয়ে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথ ভাবে পূরণ করে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব স্ব বিভাগে জমা দেবে। ফরম পূরণের সময় নন-মেজর কোর্স নির্বাচনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। ভুল বিষয় কোড নির্বাচন করলে তা সংশোধন করা হবে না।
- ❖ আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ছবির পিছনে শিক্ষার্থীর নাম এবং রেজিস্ট্রেশন নম্বর সঠিক ভাবে লিখতে হবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- ❖ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী যারা ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় Promoted হয়েছে তারা ২০১৮ সালের অনার্স ২য় বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- ❖ ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। শুধুমাত্র “F” গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

- ❖ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৭ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থী শুধুমাত্র “C” বা “D” গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ❖ যে সকল শিক্ষার্থী ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে “F” গ্রেড রয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় “F” গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
- ❖ সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম “D” গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
- ❖ ২০১৭ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত ০১টি কোর্সে ২০১৮ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে।
- ❖ ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

০৩. পাঠ্যসূচি ঃ

- ❖ সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস এবং ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের সংশোধীত রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

প্রমোশন ঃ

- ❖ গ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS, BBA এবং B.Sc এর ক্ষেত্রে ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে প্রমোশনের জন্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে অন্তত ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে।
- ❖ ১টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে সে সব কোর্সে ন্যূনপক্ষে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

**আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা লাগিয়ে এবং ০১ ( এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।**

বিশেষ দ্রষ্টব্য : সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে আগামী ১৮/০৮/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই ফরমপূরণ এর কাজ সমাপ্তি করতে হবে।

বিভাগীয় প্রধানগণ ঃ

পূরণকৃত আবেদন ফরমের পত্র, বিষয়কোড,রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি যাচাই পূর্বক আবেদন ফরমে বিভাগীয় প্রধানগণ স্বাক্ষর আবশ্যক। আবেদন ফরম জমা গ্রহণের পর কম্পিউটার ইনপুট করে পরীক্ষার্থীর নাম, রেজি ঃ নং, বিষয় কোড যাচাই বাচাই করে কাম্পিউটার বিবরণীতে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন । পরীক্ষার্থীর বিবরণীতে কোন ভুলক্রটির জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে। ব্যাংক ড্রাফট করার ২ দিন পূর্বেই ( বিভাগীয় প্রধান স্বাক্ষরকৃত) বিবরনী কলেজ অফিসে জমা দিতে হবে।

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ ,ফেনী।
অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী।
05.08.18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারী কলেজ,ফেনী

তারিখ ঃ ০৫/০৮/২০১৮ খ্রি.

# ২০১৭ সালের অনার্স ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের অনার্স ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষায় ২০১০-২০১১,২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-Line এ ০২/০৮/২০১৮ ইং তারিখ থেকে শুরু হবে। গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে MICR পে-অর্ডার এর ফি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

নিম্মে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল ঃ

| ক্রমিক নং | বিষয় | ফরম পূরণ ও জমাদানের তারিখ |
|---|---|---|
| ১ | বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস,ইতিহাস,দর্শন | ১২/০৮/২০১৮ |
| ২ | রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম,অর্থনীতি,হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা | ১৩/০৮/২০১৮ |
| ৩ | পদার্থ , রসায়ন ,প্রাণী,উদ্ভিদ,গণিত | ১৪/০৮/২০১৮ |

## বি.এ/বি.এস.এস/বি.বি.এ গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় | ৭ বিষয় |
|---|---|---|---|---|---|---|---|
| গ্রেড উন্নয়ন | ১০০০/- | ১২০০/- | ১৪০০/- | ১৬০০/- | ১৮০০/- | ২০০০/- | ২২০০/- |

## বিএসসি গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় | ৭ বিষয় |
|---|---|---|---|---|---|---|---|
| গ্রেড উন্নয়ন | ১১৪০/- | ১৩৪০ | ১৫৪০ | ১৭৪০ | ১৯৪০ | ২১৪০ | ২৩৪০ |

**শুধু মাত্র ইংরেজী বিষয়ের পরীক্ষা ফি বাবদ - ১০০০/- টাকা ।**

ফেনী পৌর এলাকার মিজান রোড এর প্রধান শাখা **সোনালী ব্যাংক** থেকে **অধ্যক্ষ ,ফেনী সরকারী কলেজ** এই নামে এম,আই,সি আর পে-অর্ডার এর ফি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিয়ে ফরম পূরণ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ- পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা **অধ্যক্ষ ,ফেনী সরকারী কলেজ** এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।

এখানে উল্লেখ্য যে যারা ইতিপূর্বে ২য় বর্ষের সেশন ফি জমা প্রদান করে নাই তারা সেশন ফি + পরীক্ষার ফি সহ মোট টাকার পে-অর্ডার করতে হবে। এবং যারা সেশন ফি জমা দিয়েছে তারা শুধু পরীক্ষার ফি এর পে-অর্ডার করতে হবে।

০১. On-line-এর মাধ্যমে আবেদন ফরমপূরণের নিয়মাবলী ঃ

- ❖ শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours) এ লগইন করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরমপূরণ করতে পারবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি উল্লেখ থাকবে। আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে ফরম ডাউনলোড করে প্রিন্ট নিয়ে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ জমা দিতে হবে।
- ❖ আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ছবির পিছনে শিক্ষার্থীর নাম এবং রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে লিখতে হবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

- ❖ ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে, তারা ২০১৭ সালের (বিশেষ) পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
- ❖ সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধির কোন সুযোগ থাকবে না।
- ❖ ইংরেজী আবশ্যিক (কোড-৯৯৯৯) কোর্সে অকৃতকার্য ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৭ সালের (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।
- ❖ ইনকোর্স ও মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

০৩. পাঠ্যসূচী ঃ

- ❖ সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচী ও সংশোধীত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে।

**আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা লাগিয়ে এবং ০১ ( এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।**

বিশেষ দ্রষ্টব্য : সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে আগামী ১৮/০৮/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই ফরমপূরণ এর কাজ সমাপ্তি করতে হবে।

বিভাগীয় প্রধানগণ ঃ

পূরণকৃত আবেদন ফরমের পত্র, বিষয়কোড,রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি যাচাই পূর্বক আবেদন ফরমে বিভাগীয় প্রধানগণ স্বাক্ষর আবশ্যক। আবেদন ফরম জমা গ্রহণের পর কম্পিউটার ইনপুট করে পরীক্ষার্থীর নাম, রেজি ঃ নং, বিষয় কোড যাচাই বাচাই করে কাম্পিউটার বিবরণীতে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন । পরীক্ষার্থীর বিবরণীতে কোন ভুলত্রুটির জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে। ব্যাংক ড্রাফট করার ২ দিন পূর্বেই ( বিভাগীয় প্রধান স্বাক্ষরকৃত) বিবরনী কলেজ অফিসে জমা দিতে হবে।

অধ্যক্ষ

ফেনী সরকারী কলেজ,ফেনী।

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী।
05.08.18